কানাইঘাট সীমান্তে ২ বাংলাদেশী যুবকের গুলিবিদ্ধ লাশ

কানাইঘাট প্রতিনিধি:
সিলেটের কানাইঘাট লক্ষীপ্রসাদ পূর্ব ইউনিয়নের দনা সীমান্তের মিকিরপাড়া এলাকায় ২ বাংলাদেশী যুবকের গুলিবিদ্ধ লাশ গতকাল বুধবার সকাল থেকে সীমান্তের ১৩৩১ মেইন পিলারের পাশে পড়ে থাকার খবর পাওয়া গেছে। স্থানীয়দের ধারণা ভারতের সীমান্ত রক্ষী বিএসএফ অথবা ভারতীয় অস্ত্রধারী খাসিয়ারা তাদের গুলি করে হত্যা করতে পারে। গুলিবিদ্ধ ২ যুবকের পরিচয় সনাক্ত করা হয়েছে, তারা হলেন সীমান্তবর্তী এরালীগুল গ্রামের আব্দুল লতিফের পুত্র আসকর আলী (২৫) একই গ্রামের আব্দুল হান্নানের পুত্র আরিফ হোসেন (২২)। বিজিবি ও থানা পুলিশ সীমান্ত আইন মেনে নিহতদের লাশ উদ্ধারের চেষ্টায় রয়েছেন বলে বিজিবির একজন কর্মকর্তা জানিয়েছেন। নিহত আসকর ও আরিফ হুসেনের স্বজনরা জানিয়েছেন,গত মঙ্গলবার বিকেলের দিকে তারা বাড়ি থেকে বের হয়ে স্থানীয় লালবাজারে যায় এরপর তারা আর বাড়িতে ফিরেনি। সীমান্ত এলাকার অনেকে ধারণা করছেন আসকর ও আরিফ মঙ্গলবার রাতে সীমান্ত এলাকা দিয়ে অবৈধভাবে ভারতে মেঘালয় রাজ্যের উকিয়াং এলাকায় অনুপ্রবেশ করতে পারে। এসময় তাদের গুলি করে বিএসএফ অথবা ভারতীয় অস্ত্রধারী খাসিয়ারা হত্যা করে তাদের লাশ নোম্যান্স ল্যান্ড ১৩৩১ মেইন পিলারের পাশে ফেলে রাখতে পারে। সকালে তাদের গুলিবিদ্ধ লাশ অনেকে দেখে তাদের পরিচয় শনাক্ত করেন। স্থানীয়রা জানিয়েছেন, সকাল থেকে ২ যুবকের গুলিবিদ্ধ লাশ সীমান্ত এলাকায় পড়ে থাকলে স্থানীয় বিজিবি ক্যাম্পের কোন কর্মকর্তা লাশ উদ্ধারের জন্য ঘটনাস্থলে জাননি। সুরইঘাট বিজিবি ক্যাম্পের কোম্পানি কামান্ডার নজরুল ইসলাম জানিয়েছেন, তিনি ঘটনাটি বিজিবির উর্দ্ধতন কর্মকর্তাদের জানিয়েছেন। বিএসএফ এর গুলিতে তারা মারা গেছেন কি না তা এখনো তিনি বলতে পারবেন না। সীমান্ত আইন মেনে বিজিবি নিহতদের লাশ উদ্ধার করবে বলে জানান। থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম পিপিএম জানান, তিনি ২ যুবকের লাশ সীমান্ত এলাকায় পড়ে থাকার সংবাদ পেয়ে বিজিবির কর্মকর্তাদের জানিয়েছেন এবং লাশ উদ্ধারের প্রক্রিয়া চলছে বলে জানান।